৭/৫/২০০০

তারিখ ........
পৃষ্ঠা ২ ... কলাম ... ৩ ....

দৈনিক জনকণ্ঠ

# বেসরকারী শিক্ষকদের এপ্রিলের বেতনের টাকা ২৪ মে উত্তোলন করা যাবে

আগামী ২৪ মে'র মধ্যে বেসরকারী শিক্ষক ও কর্মচারীদের এপ্রিল মাসের বেতনভাতার সরকারী অংশের টাকা উত্তোলনের জন্য বেসরকারী স্কুল, কলেজ, মাদ্রাসা, কারিগরি, বেসরকারী এসএসসি (ভোকেশনাল) এবং এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা) শিক্ষা প্রতিষ্ঠানসমূহের প্রধান শিক্ষককে অনুরোধ করা হয়েছে।

এ টাকা ইতোমধ্যে অনুদান বণ্টনকারী জনতা, অগ্রণী, রূপালী ও সোনালী ব্যাংক কর্তৃপক্ষের কাছে হস্তান্তর করা হয়েছে। শিক্ষক-কর্মচারীদের ব্যক্তিগত ব্যাংক এ্যাকাউন্ট নম্বরের মাধ্যমে এ টাকা উত্তোলন করতে হবে।

কোন সঙ্গতকারণে যে সব শিক্ষা প্রতিষ্ঠান বা শিক্ষক-কর্মচারী চলতি অর্থবছরে বকেয়া টাকা নির্ধারিত সময়ের মধ্যে তুলতে পারেননি তাঁরাও ব্যক্তিগত ব্যাংক এ্যাকাউন্টের মাধ্যমে এ সময়ের টাকা এই সাথে উত্তোলন করতে পারবেন। —তথ্য বিবরণী।